**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/26/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল অফশোর উইন্ড ট্রেনিং এবং ওয়ার্কফোর্স ডেভেলপমেন্টের জন্য 4 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান দিয়েছেন

***প্রথম-রাউন্ডের অফশোর উইন্ড ট্রেনিং ইনস্টিটিউট অনুদানসমূহ SUNY এবং এর অংশীদারদের অফশোর উইন্ডে ক্যারিয়ার গঠনে শিক্ষার্থীদের প্রস্তুত করার প্রোগ্রামগুলো বিকশিত করার জন্য অনুমোদিত***

***অনুদানগুলো অফশোর উইন্ড ফার্ম নির্মাণ, উৎপাদন, ইনস্টল, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য কর্মশক্তি উন্নয়ন এবং প্রশিক্ষণের উদ্যোগকে সম্প্রসারিত করবে***

গভর্নর ক্যাথি হোকল আজ অফশোর উইন্ড ট্রেনিং ইনস্টিটিউট (Offshore Wind Training Institute) থেকে স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York, SUNY) ক্যাম্পাস-পরিচালিত প্রোগ্রামগুলোকে এই ক্রমবর্ধমান শিল্পে ক্যারিয়ার গঠনে শিক্ষার্থীদের প্রস্তুত করার জন্য বরাদ্দ করা অর্থে 4 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান দিয়েছেন। নির্বাচিত প্রোগ্রামগুলো অফশোর উইন্ড ফার্ম নির্মাণ, উৎপাদন, ইনস্টল, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য কর্মশক্তি উন্নয়ন এবং প্রশিক্ষণের উদ্যোগকে সম্প্রসারিত করবে।

"অফশোর উইন্ড ট্রেনিং ইনস্টিটিউটের মতো জাতীয়-নেতৃস্থানীয় প্রোগ্রামগুলো আমাদের উচ্চাকাঙ্ক্ষী নবায়নযোগ্য এনার্জি সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রাগুলো অর্জনে স্টেটের কর্মীবাহিনী প্রস্তুত তা নিশ্চিত করার জন্য অপরিহার্য," **গভর্নর হোকল বলেন।** "NYSERDA-এর সাথে অংশীদারিত্বে SUNY নতুন এবং বিদ্যমান কর্মীদের এখানে নিউ ইয়র্কে আগামী প্রজন্মের জন্য সবুজ এনার্জি বিপ্লবে অংশগ্রহণ করার জন্য প্রস্তুত করছে — যা জলবায়ু সংকট মোকাবেলার পাশাপাশি সবার জন্য একটি বসবাসযোগ্য স্টেট গঠনে আমাদের সাহায্য করে।"

অনুদানের এই রাউন্ডে, সাতটি SUNY ক্যাম্পাসের জন্য 10টি প্রোগ্রাম অনুমোদিত হয়েছিল যার মধ্যে রয়েছে: **আলফ্রেড স্টেট কলেজ (Alfred State College)**, **ইউনিভার্সিটি অ্যাট বাফেলো (University at Buffalo)**, **ফার্মিংডেল স্টেট কলেজ (Farmingdale State College)**, **হাডসন ভ্যালি কমিউনিটি কলেজ (Hudson Valley Community College)**, **সাফোক কাউন্টি কমিউনিটি কলেজ (Suffolk County Community**

**College)**, **SUNY পলিটেকনিক ইনস্টিটিউট (SUNY Polytechnic Institute)** এবং **স্টনি ব্রুক ইউনিভার্সিটি (Stony Brook University)**।

গভর্নর হোকল অক্টোবর 2022-এ প্রস্তাব পাঠানোর আবেদন চালু করেছিলেন। ফার্মিংডেল স্টেট কলেজ এবং স্টনি ব্রুক ইউনিভার্সিটির সহযোগিতায় অনুদান প্রক্রিয়াটি নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) কর্তৃক পরিচালিত হয়। তহবিলটি নির্বাচনের একাধিক রাউন্ডের মাধ্যমে বিতরণ করা হবে যা প্রতিটি প্রোগ্রামকে 500,000 মার্কিন ডলার পর্যন্ত অর্থ দেবে।

আবেদনকারীদের এক বা একাধিক "অগ্রাধিকার ভিত্তিক বিষয়" এর অধীনে আবেদন করতে বলা হয়েছিল, যার মধ্যে রয়েছে অফশোর উইন্ডের সাথে প্রাসঙ্গিক বিদ্যমান SUNY পাঠ্যক্রমের সম্প্রসারণ এবং দ্রুত; কাঙ্খিত প্রশিক্ষণের প্রয়োজনে প্রতিক্রিয়া জানানো এবং শুরুর প্রতিবন্ধকতাগুলো মোকাবেলা করা। প্রস্তাবগুলো সমতা ভিত্তিক চাহিদা, তরুণ শিক্ষার্থীদের কাছে দীর্ঘমেয়াদী আউটরিচ, সচেতনতা বাড়ানোর জন্য কমিউনিটি-চালিত প্রচেষ্টা এবং সংযুক্ত বা সংলগ্ন সেক্টরগুলোর সাথে অংশীদারিত্বকে গুরুত্ব প্রদান করেছে।

2023 সালের গ্রীষ্মে অনুদানের দ্বিতীয় রাউন্ড ঘোষণা করা হবে।

**SUNY চ্যান্সেলর জন বি. কিং, জুনিয়র বলেন**, "গভর্নর হোকল এবং NYSERDA-এর সাথে অংশীদারিত্বের ভিত্তিতে SUNY নিউ ইয়র্ক স্টেটকে ক্লিন-এনার্জি সংশ্লিষ্ট অর্থনৈতিক ও কর্মশক্তি উন্নয়নে সাহায্য করতে পেরে গর্বিত — যা আমাদের শিক্ষার্থীদের জন্য ঊর্ধ্বমুখী গতিশীলতার একটি চালিকাশক্তি। এই সুদক্ষ, ভালো বেতনের কর্মী বাহিনী নিউ ইয়র্ক স্টেটের ক্লিন-এনার্জির লক্ষ্যমাত্রাকে এগিয়ে নিয়ে যাওয়ার পাশাপাশি অফশোর উইন্ড সহ নবায়নযোগ্য শক্তিতে জাতিকে নেতৃত্ব দেওয়ার জন্য স্টেটকে সর্বোচ্চ পর্যায়ে নিয়ে যাবে। অফশোর উইন্ড ইন্ডাস্ট্রির চাহিদা মেটানোর জন্য প্রোগ্রাম ডেভেলপ করার মাধ্যমে, SUNY আমাদের শিক্ষার্থীবৃন্দ এই উদীয়মান ক্ষেত্রের জন্য ভালোভাবে প্রস্তুত তা নিশ্চিত করতে নিয়োগকর্তার চাহিদার প্রতি সরাসরি প্রতিক্রিয়া জানাতে পারে এবং তা তারা করবে। আমি নির্বাচিত সমস্ত SUNY ক্যাম্পাসকে অভিনন্দন জানাই এবং তাদের অগ্রগতিতে সমর্থন করার জন্য উন্মুখ হয়ে আছি।"

**NYSERDA-এর প্রেসিডেন্ট এবং সিইও ডোরেন এম. হ্যারিস বলেন**, "নিউ ইয়র্কবাসীদের হাজার হাজার পরিবারের-স্থায়ী কর্মসংস্থানের জন্য প্রস্তুত করতে অফশোর উইন্ড ট্রেনিং ইনস্টিটিউটে SUNY-এর সাথে অংশীদারিত্ব বজায় রাখতে পেরে NYSERDA গর্বিত যেখানে আমরা এই নতুন শিল্পটিকে ভিত্তি থেকে গড়ে তুলব। এই নতুন SUNY-পরিচালিত কর্মসূচিগুলো অফশোর উইন্ড ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট এবং প্রশিক্ষণের সুযোগ স্টেটের আরো এলাকায় সম্প্রসারিত করবে—আমাদের নিউ ইয়র্কের ক্লিন-এনার্জি নির্ভর ভবিষ্যত গড়ে তুলতে সাহায্য করার পাশাপাশি অফশোর উইন্ডে ক্যারিয়ার গঠনে আরো বেশি অ্যাক্সেস নিশ্চিত করবে।"

**ফার্মিংডেল স্টেট কলেজের প্রেসিডেন্ট এবং অফশোর উইন্ড ট্রেনিং ইনস্টিটিউট (OWTI)-এর ডিরেক্টর ড. জন এস. নাদের বলেন**, "আমরা প্রাপ্ত সমস্ত অসামান্য প্রস্তাবগুলো SUNY অনুষদের দক্ষতা এবং লং আইল্যান্ড ও সমগ্র নিউ ইয়র্ক স্টেটে এনার্জি এবং

অর্থনৈতিক ল্যান্ডস্কেপের একটি অবিচ্ছেদ্য অংশ হিসেবে অফশোর উইন্ড প্রতিষ্ঠার জন্য আমাদের শেয়ার করা অঙ্গীকার প্রদর্শন করে৷ আমি OWTI-এর আমাদের অংশীদারদের এবং SUNY সিস্টেমের অনেক অনুষদের কাছে কৃতজ্ঞ যারা আজকের গুরুত্বপূর্ণ পরিবেশগত এবং সামাজিক প্রতিবন্ধকতাগুলো দূর করার জন্য কাজ করছে৷ এই অনুদানগুলো একটি গুরুত্বপূর্ণ নতুন শিল্পকে এগিয়ে নেওয়ার জন্য গভর্নরের অফিস, NYSERDA এবং SUNY কর্তৃক প্রদর্শিত দৃষ্টিভঙ্গি ও প্রতিশ্রুতি প্রতিফলিত করে।"

**স্টনি ব্রুক ইউনিভার্সিটির প্রেসিডেন্ট মাউরি ম্যাকইনিস বলেন**, "যেহেতু আমরা অফশোর উইন্ড সেক্টরের জন্য পরবর্তী প্রজন্মের বিজ্ঞ ও পেশাদারদের প্রস্তুত করতে এবং নিউ ইয়র্কে অফশোর উইন্ড এনার্জির জন্য স্বল্প ও দীর্ঘমেয়াদী উভয় অবকাঠামো তৈরি করার জন্য কাজ করছি তাই OWTI-এর মিশনে সবসময় দক্ষতা, সহযোগিতা এবং দূরদৃষ্টি থাকা প্রয়োজন। SUNY কমিউনিটির সেই দৃষ্টিভঙ্গি রয়েছে। আমরা ফার্মিংডেল স্টেট কলেজ, NYSERDA, চ্যান্সেলর কিং এবং অন্যান্যদের অংশীদারদের সহায়তায় স্টেট জুড়ে শীর্ষ কর্তাদের একত্রিত করে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে নিউ ইয়র্কের সম্মিলিত পদক্ষেপে SUNY-কে এগিয়ে নেওয়ার জন্য সাহায্য করতে পেরে গর্বিত।"

স্টনি ব্রুক এবং ফার্মিংডেল যৌথভাবে OWTI-এর সু-প্রতিষ্ঠিত, ডিগ্রি প্রদানকারী এবং নন-ক্রেডিট ওয়ার্কফোর্স প্রোগ্রাম্যাটিক অফারগুলোর পাশাপাশি এর নিউ ইয়র্ক-কেন্দ্রিক নবায়নযোগ্য-শক্তি ভিত্তিক কর্মশক্তির উদ্যোগগুলোকে ব্যবহার করে এটিকে পরিচালনা ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করে। প্রকল্পটি SUNY কলেজের প্রতিনিধিদের পাশাপাশি স্টেট ও স্থানীয় সংস্থা এবং সংগঠনগুলো তৈরি এবং উইন্ড-এনার্জি ক্ষেত্রে কাজ করার জন্য একটি কর্মী বাহিনী এবং প্রতিভার পুল তৈরিতে নিযুক্ত সমন্বয়কারী কাউন্সিলের মাধ্যমে তত্ত্বাবধান করা হবে।

NYSERDA-এর সাথে মিলে OWTI অ্যাকাডেমিক, কমিউনিটি এবং শিল্প ও শ্রম জোটের একটি নেটওয়ার্ক প্রতিষ্ঠা করেছে যা নবায়নযোগ্য-শক্তি ক্ষেত্রে ক্যারিয়ার গঠনের জন্য 25,000 নিউ ইয়র্কবাসীকে প্রস্তুত করবে৷ উইন্ড-এনার্জি প্রযুক্তির উন্নয়নের জন্য সহযোগিতামূলকভাবে কাজ করার ক্ষেত্রে, ইনস্টিটিউটটি ন্যাশনাল অফশোর উইন্ড রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট কনসোর্টিয়াম (National Offshore Wind Research and Development Consortium), স্টনি ব্রুকে অবস্থিত এবং NYSERDA কর্তৃক সমর্থিত ও ফার্মিংডেলের ইউএস ডিপার্টমেন্ট অব এনার্জি এবং রিনিউয়াবল এনার্জি অ্যান্ড সাসটেইনাবলিটি সেন্টারের সাথে সমন্বিতভাবে কাজ করার প্রত্যাশা করে।

## নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে

SUNY হলো যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার বৃহত্তম বিস্তৃত ব্যবস্থা এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর 95 শতাংশেরও বেশি SUNY-র 64টি কলেজ এবং ইউনিভার্সিটির যেকোনো একটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো স্টেটে, SUNY-র চারটি একাডেমিক স্বাস্থ্যকেন্দ্র, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি আইন স্কুল, স্টেটের একমাত্র অপ্টোমেট্রি রয়েছে, এবং এটি একটি মার্কিন এনার্জি ডিপার্টমেন্টের জাতীয় গবেষণাগার (US Department of Energy National Laboratory) ব্যবস্থাপনা করে। SUNY এর ক্রেডিট ও ক্রেডিটহীন কোর্স, কর্মসূচি, শিক্ষা চালু রাখা, এবং সম্প্রদায়ের আউটরিচ কর্মসূচির সম্পূর্ণ পোর্টফোলিওতে মোট প্রায় 1.4

মিলিয়ন শিক্ষার্থীকে সেবাদান করে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। পুরো সিস্টেমে 2022 অর্থবছরে গবেষণা ব্যয় ছিল প্রায় 1.1 বিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে শিক্ষার্থী ও শিক্ষকদের উল্লেখযোগ্য অবদান রয়েছে। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। SUNY কিভাবে সুযোগ তৈরি করে সে সম্পর্কে আরো জানতে www.suny.edu ওয়েবসাইট দেখুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন